


রাজশাহীতে শিক্ষক নিয়োগের দাবিতে ছাত্রীরা সড়কে

স্টাফ রিপোর্টার, রাজশাহী : শিক্ষক সঙ্কটের মুখে পাঠদান ব্যাহত হওয়ায় প্রতিবাদ জানাতে মাঠে নেমেছে রাজশাহীর মোহনপুর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের তিন শতাধিক শিক্ষার্থী। রবিবার সকাল ১০টার দিকে ক্লাস থেকে বেরিয়ে তারা রাজশাহী-নওগাঁ মহাসড়ক অবরোধ করে। এ সময় রাজশাহী-নওগাঁ মহাসড়কের দুইপাশে যানজটের সৃষ্টি হয়। পরে উপজেলা নির্বাহী অফিসার এসে শিক্ষার্থীদের সঙ্গে কথা বলে সড়ক থেকে ক্লাসে নিয়ে যান। মোহনপুর সরকারী বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল আজিজ জানান, বিদ্যালয়ে মোট শিক্ষার্থী ৩০৯ জন। আর প্রধান শিক্ষকসহ শিক্ষকের পদ রয়েছে ৬ জন। বৃহস্পতিবার ইংরেজী বিষয়ের শিক্ষক মোহনপুর

সরকারী উচ্চ বিদ্যালয়ে বদলি হয়ে যায়। শিক্ষক বদলির কারণে বৃহস্পতিবার শিক্ষার্থীরা ঠিকমতো ক্লাস করেনি। এ কারণে রবিবার কোন শিক্ষককে না জানিয়ে শিক্ষার্থীরা একযোগে সড়ক অবরোধ করে। বিদ্যালয়ের নবম শ্রেণীর শিক্ষার্থী রাজিয়া সুলতানা, হাসিনা আক্তার ও ষষ্ঠ শ্রেণীর শিক্ষার্থী নাবিয়া আক্তার জানান, তাদের স্কুলে ৫ জন শিক্ষক। এর মধ্যে হঠাৎ করে বৃহস্পতিবার ইংরেজী বিষয়ের শিক্ষককে বদলি করা হয়। তাদের স্কুলে ইংরেজী ও গণিত বিষয়ে শিক্ষক নেই। শিক্ষার কার্যক্রম ব্যাহত হওয়ার কারণে তারা সড়কে নেমে প্রতিবাদ জানায়। উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) শুক্রা সরকার জানান, শিক্ষকের দাবি পূরণের আশ্বাস দিলে শিক্ষার্থীরা অবরোধ প্রত্যাহার করেছে।

ব্যানবেইস পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
চীফ, পরিসংখ্যান বিভাগ	
চীফ, ডি.এল.পি বিভাগ	
সিস্টেম এনালিস্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
কার্যার্থে/উত্তরার্থে	
 স্বাক্ষর	